

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

প্রজ্ঞাপন

ঢাকা, ০৯ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২০.৩০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘বাংলাদেশ পরিকল্পনা কমিশন’ নিম্নরূপে পুনর্গঠন করেছে:

(ক) কমিশনের গঠন :

- |        |  |   |                    |
|--------|--|---|--------------------|
| (১)    | প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : | চেয়ারপারসন        |
| (২)    | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়                    | : | বিকল্প চেয়ারপারসন |
| (৩)    | মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়               | : | ভাইস চেয়ারপারসন   |
| (৪)    | প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়          | : | সদস্য              |
| (৫-১০) | পরিকল্পনা কমিশনের সদস্যগণ                    | : | সদস্য              |
| (১১)   | সচিব, পরিকল্পনা বিভাগ                        | : | সদস্য-সচিব         |

(খ) কমিশনের কার্যপরিধি :

- (১) দেশের সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি পর্যালোচনা;
- (২) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচি চূড়ান্তকরণ;
- (৩) জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়ন পর্যালোচনা ও হালনাগাদকরণের নির্দেশনা প্রদান;
- (৪) পরিকল্পনা বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত গুরুত্বপূর্ণ বিষয়াবলি; ও
- (৫) পরিকল্পনার গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়াবলি সম্পর্কে আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্য দূরীকরণ।

(২৫১১)

মূল্য : টাকা ৪.০০

- (গ) প্রয়োজনে কমিশনের বর্ধিত সভা করা যাবে এবং নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে বর্ধিত সভায় যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হবে -
- (১) মন্ত্রিপরিষদ সচিব;
  - (২) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব/সচিব;
  - (৩) সচিব, অর্থ বিভাগ;
  - (৪) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ;
  - (৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ;
  - (৬) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ; ও
  - (৭) গুরুত্বপূর্ণ আন্তঃমন্ত্রণালয় মতপার্থক্যের ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধি/ প্রতিনিধিগণ।
- এ কমিশনে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।
- (ঘ) কমিশনের বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঙ) পরিকল্পনা বিভাগ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ সামসুল আরেফিন  
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)